


# নিজের হাতে নিজের কাজ

কা

রমাটার রেল স্টেশন। একটি ট্রেন এসে দাঁড়াল।

ট্রেন থেকে এক বাঙালি ডাক্তারবাবু নামলেন। হাতে একটি ব্যাগ। ব্যাগটি ছোটো কিন্তু মানুষটি যে সম্মানে বড়ো। ডাক্তার বলে কথা। নিজে হাতে ব্যাগ বইতে হয়তো তাঁর লজ্জা বোধ হয়। তাই তিনি ‘কুলি—কুলি’ বলে চিংকার শুরু করে দিলেন।



সঙ্গে সঙ্গেই এক কুলি এসে হাজির।

কুলি ভাঙ্গারবাবুর ব্যাগ মাথায় তুলে নিয়ে স্টেশনের বাইরে অপেক্ষারত পালকিতে তুলে দিল।  
তারপর সে চলে যেতে উদ্যত হলো। ভাঙ্গারবাবু উদার মনোভাবের মানুষ। তাই তিনি কুলিকে ডেকে  
তার হাতে পয়সা দিতে গেলেন পারিশ্রমিক হিসাবে।

কুলি বলল, ‘পয়সা লাগবে না।’

—‘কেন?’

‘আপনি ব্যাগটি নিয়ে বিপদে পড়েছিলেন, তাই একটু সাহায্য করলাম মাত্র। আমার নাম দীপ্তিরচন্দ্ৰ  
শৰ্মা।’

নাম শুনে ভাঙ্গারবাবু চমকে উঠলেন।

তিনি অত্যন্ত লজ্জিত হয়ে বললেন, ‘আমাকে ক্ষমা করবেন। আপনাকে আমি চিনতে পারিনি।’

কুলি বলল, ‘তাতে আর কী হয়েছে।’

ভাঙ্গারবাবুর সেদিন উচিত শিক্ষা হলো।

তিনি প্রতিজ্ঞা করলেন, ‘আমি আর কখনও নিজের কাজ নিজে হাতে করতে সংকুচিত হব না।’





## হাতে কলমে

### ১. সংক্ষেপে উত্তর দাও :

১.১ একজন ডাঙ্গারবাবু কীভাবে সমাজের সেবা করে থাকেন ?

১.২ কোথায় কোথায় কুলিদের কাজ করতে দেখা যায় ?

### ২. একটি বাক্যে উত্তর দাও :

২.১ বাঙালি ডাঙ্গারবাবু কোন স্টেশনে নামলেন ?

২.২ গঞ্জে কুলিটি ডাঙ্গারবাবুর ব্যাগটি কীভাবে বয়ে নিয়ে গেলেন ?

২.৩ ডাঙ্গারবাবুর ব্যাগটি নিয়ে কুলিটি কোথায় তুলে দিলেন ?

২.৪ কুলিটি তাঁর নিজের নাম কী বলেছিলেন ?

### ৩. বর্ণবুড়ি থেকে ঠিক বণ্টি নিয়ে শূন্যস্থানে বসিয়ে শব্দ তৈরি করো :

ভা \_\_\_ র                  স \_\_\_ ন                  আপে \_\_\_  
পারি \_\_\_ হিক              ল \_\_\_ ত                  স \_\_\_ চিত

ঝ, ঝু, ঝা,  
তা, জি, স্যা

### ৪. নীচের বাঁদিকের কথাগুলির মধ্যে যেটা ঠিক তার পাশে (✓) চিহ্ন আর যেটা ভুল তার পাশে (✗) চিহ্ন দাও :

৪.১ ট্রেন থেকে এক ডাঙ্গারবাবু নামলেন।

৪.২ ডাঙ্গারবাবুর হাতে ছিল একটি ওষুধের বাঁকা।

৪.৩ কুলি—কুলি বলে চিৎকার করতে ডাঙ্গারবাবুর লজ্জা বোধ হয়।

৪.৪ গঞ্জের কুলিটি সম্মানে ডাঙ্গারবাবুর চেয়ে অনেক বড়ো হিলেন।



৫. বর্ণগুলিকে জুড়ে শব্দ তৈরি করো :

শ + ই + ক + ম + আ

ড + আ + ক + ত + আ + র + ব + আ + ব + উ

অ + প + এ + ক + ম + আ

ব + ম + আ + গ

৬. বর্ণবিশ্লেষণ করো :

কারমাটির, স্টেশন, পারিশ্রমিক, দীপ্তরচন্তা, ফর্মা

৭. একই অর্থের শব্দ লেখো :

উপস্থিত, কূদ, মর্যাদা, কৃষ্টিত, থলে।

৮. বিপরীতার্থক শব্দ লেখো :

সম্মান, লজ্জা, শিক্ষা, উচিত, সম্মুচিত।

৯. বাক্য বাঢ়াও :

৯.১ কুলি হাজির। (কোথায়?)

৯.২ ডাক্তারবাবু চমকে উঠলেন। (কেন?)

৯.৩ তিনি প্রতিজ্ঞা করলেন। (কী প্রতিজ্ঞা?)

৯.৪ ট্রেন এসে দাঁড়াল। (কোথায়?)

১০. গল্পের ঘটনাক্রম সাজিয়ে লেখো :

১. ডাক্তারবাবু তাঁর বাগ বইতে লজ্জা পাছিলেন।

২. ডাক্তারবাবুর সেদিন উচিত শিক্ষা হলো।

৩. কুলি বলল, ‘পয়সা লাগবে না।’

৪. ডাক্তারবাবুর ডাকে কুলি এসে হাজির হলো।

৫. একটি ট্রেন এসে দাঁড়াল।



**শব্দার্থ :** অপেক্ষারত — যিনি অপেক্ষা করছেন। উদাত — প্রবৃত্ত, উন্মুখ। পারিশ্রমিক — মজুরি। উদার —  
মহৎ, করুণাপূর্ণ। প্রতিজ্ঞা — শপথ। সম্মুচিত — কৃষ্টিত, জড়সংগৃ।



১১. নিজের ভাষায় উত্তর দাও :

- ১১.১ কার নিজে হাতে ব্যাগ বইতে লজ্জাবোধ হয়েছিল ?
- ১১.২ ব্যাগ বইতে তাঁর লজ্জা হওয়ার কারণ কী ?
- ১১.৩ ডাক্তারবাবু কেন কুলিকে পয়সা দিতে শিরেছিলেন ?
- ১১.৪ ডাক্তারবাবুর দিতে ঢাওয়া পয়সা কুলিটি নিলেন না কেন ?

১২. তোমার জানা একটা রেলস্টেশনের নাম :

---

১৩. গল্লের ইশ্বরচন্দ্র শর্মাকে আমরা যে নামে চিনি তা হলো :

---

